

২২৬ ২১/৮/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।  
www.bnfe.gov.bd

স্মারক নং ৩৮.০০.০০০০.৪০০.২৫.১২২.২০২০ (অংশ-১)- ১৭৬

তারিখ ২৭ শ্রাবণ ১৪২৯  
১১ আগস্ট ২০২২


**বিষয়: Out of School Children (OoSC) শিক্ষা কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্টদের মাঝে মানসম্মত প্রশিক্ষণ উপকরণ সরবরাহ নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অত্র উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক চলমান Out of School Children (OoSC) কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে সমাপ্তকরণের লক্ষ্যে উক্ত কর্মসূচির সাথে সম্পৃক্ত শিক্ষক ও সুপারভাইজারগণের ১২ দিনব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ অনতিবিলম্বে শুরু হতে যাচ্ছে এবং সে প্রেক্ষিতে এতদবিষয়ক খাতভিত্তিক পর্যাপ্ত অর্থ বরাদ্দ করা হয়েছে। উপরোক্ত বুনিয়াদি প্রশিক্ষণ যথাযথভাবে পরিচালনার নিমিত্তে নির্ধারিত উপকরণসমূহ ক্রয়ের লক্ষ্যে আইটেমভিত্তিক মূল্য নির্ধারণ করে দেয়া সত্ত্বেও প্রশিক্ষণের দৈনিক নির্ধারিত মাস্টার ট্রেনার সম্মানী ১০০০/- টাকা হারে ভাতা, দৈনিক ৬০০/- টাকা হারে প্রশিক্ষণার্থী ভাতা, দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা, দৈনিক ২৫০/৩০০ টাকা হারে দুপুরের খাবার, সকাল ও বিকালের নাস্তার পরিবর্তে অত্যন্ত নিম্নমানের ব্যাগ, খাবার/নাস্তা এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মনোগ্রাম ও নির্ধারিত শ্লোগান সম্বলিত লেখার পরিবর্তে নামসর্বস্ব নিম্নমানের উপকরণ ও খাবার সরবরাহ করা হচ্ছে বলে বিভিন্ন নির্ভরযোগ্য সূত্রে জানা যায়।

২। নির্ধারিত মূল্যের তুলনায় অত্যন্ত নিম্নমানের প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা এবং নির্ধারিত প্রশিক্ষণ ভাতার পরিবর্তে কম হারে দৈনিক প্রশিক্ষণ ভাতা প্রদান করা-সরকারি অর্থের অপচয় ও আত্মসাতের সামিল বলে বিবেচিত। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বর্ণিত বিষয়গুলো নিশ্চিত করতে না পারা আপনার চরম ব্যর্থতা, দায়িত্বহীনতা ও সরকারি অর্থ আত্মসাতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহযোগিতা বলেও বিবেচিত।

৩। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়গুলো জরুরি ও অগ্রাধিকার ভিত্তিতে নিশ্চিতকরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত মূল্যের তুলনায় কম মূল্যের এবং নিম্নমানের প্রশিক্ষণ উপকরণসহ নির্ধারিত দৈনিক প্রশিক্ষণ ভাতা ও দৈনিক খাবার/নাস্তা প্রদানে কোনরূপ ব্যত্যয় করত বিল প্রদান করা হলে এবং এ প্রেক্ষিতে পরবর্তীতে কোনরূপ জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে আপনাকে বহন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

  
(রিপন কবীর লস্কর)

উপপরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ)  
(মহাপরিচালকের পক্ষে)  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
ফোন: ০২-২২২২৬৩০৭৯

প্রাপক

সহকারী পরিচালক

..... (সকল জেলা)

অনুলিপি

১. পরিচালক (পরি., মনি. ও প্রশি.) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাগম।
৩. সিস্টেম এনালিস্ট (তৌফে পত্রটি উশিবু'র ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪. উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৫. সহকারী পরিচালক (অর্থ, প্রশিক্ষণ, বাস্তবায়ন, মনিটরিং, পরিকল্পনা, প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক/ সভাপতি ....., জেলা।
৭. অফিস কপি।